

তুমিই শান্তি, তুমিই প্রকৃতি আমার চেতনা জুড়ে

তোমার রূপের কুহকে সেদিন পহেলিকা ছিল যত
উর্গরে বেড়া চূর্ণ করেও সরাতে পারিনি তা,
কখনও কুহেলী কখনও বা শুধু বরষাই অবিরত -
খেয়ালী হাওয়ায় দেয়লা কথায় তুমিই পরিণীতা।।

বিধাতার দেওয়া চেতনা, কত বিশ্বাস গেল টুটে,
করেছি শতধা মৃত্যুর মত চন্দ্রমা ছাওয়া নিশা -
ছেয়েছি আকাশ ব্রুদ্ধ কালোয়, সূর্য ওঠেনি ফুটে,
উন্মাদ পাখী কেবলই উড়েছে, মেটাতে পারেনি তৃষা,
শ্রান্ত পথিক উষর প্রান্তে দিনান্তে বসে একা,
মেলেছে পক্ষ, হয়েছে ক্ষান্ত - বলাকা চলেছে দুরে।
চক্ষু আমার লক্ষ দীপের রোশনাই যায় দেখা -
তুমিই শান্তি, তুমিই প্রকৃতি আমার চেতনা জুড়ে।।

১৬/ ১/ ৯৬